রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুন ৩০, ২০১৯

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১৬ আষাঢ়, ১৪২৬/ ৩০ জুন, ২০১৯

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ১৬ আষাঢ়, ১৪২৬ মোতাবেক ৩০ জুন, ২০১৯ তারিখে রাষ্ট্রপতির সম্মতিলাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :-

## ২০১৯ সনের ১০ নং আইন

### সরকারের আর্থিক প্রস্তাবাবলি কার্যকরকরণ এবং কতিপয় আইন সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু সরকারের আর্থিক প্রস্তাবাবলি কার্যকরকরণ এবং নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে কতিপয় আইন সংশোধন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল:—

### প্রথম অধ্যায়
### প্রারম্ভিক

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই আইন অর্থ আইন, ২০১৯ নামে অভিহিত হইবে।

(২) এই আইনের দ্বিতীয় অধ্যায় এবং চতুর্থ অধ্যায়ের ধারা ৭১ ও ধারা ১০৭ এর দ্বিতীয় তফসিল অবিলম্বে কার্যকর হইবে।

(৩) এই আইনের তৃতীয় অধ্যায় এবং চতুর্থ অধ্যায়ের ধারা ৭১ ও ধারা ১০৭ এর দ্বিতীয় তফসিল ব্যতীত, অন্যান্য ধারাসমূহ ২০১৯ সনের ১ জুলাই তারিখে কার্যকর হইবে।

## দ্বিতীয় খন্ড
## (মূল্য সংযোজন কর হইতে অব্যাহতিপ্রাপ্ত সেবাসমূহ)

| | |
|---|---|
| **১। জীবনধারণের জন্য মৌলিক সেবাঃ** | |
| (ক) | কৃষি জমি প্রস্তুতকরণ ও কর্ষণ ; |
| (খ) | কৃষি জমিতে সেচ প্রদান ; |
| (গ) | কৃষি জমিতে পোকামাকড় দমন এবং বালাইনাশকারী কর্মকান্ড ; |
| (ঘ) | কৃষি পণ্য সংরক্ষণ বা গুদামজাতকরণ (হিমাগার ও পণ্যাগার ব্যতীত) ; |
| (ঙ) | খাদ্য শস্য শাক-সব্জি ইত্যাদির কর্তন বা বাছাই বা মোড়কজাতকরণ; |
| (চ) | কৃষি বীজ সংরক্ষণ ও বিতরণ (হিমাগার ও পণ্যাগার ব্যতীত); |
| (ছ) | পশু-পাখির মাংস সংরক্ষণ বা গুদামজাতকরণ (হিমাগার ও পণ্যাগার ব্যতীত) ; |
| (জ) | মৎস্য, জলজপ্রাণী ও জলজসম্পদ আহরণ ; |
| (ঝ) | মৎস্য, জলজপ্রাণী ও জলজসম্পদ সংরক্ষণ বা গুদামজাতকরণ (হিমাগার ও পণ্যাগার ব্যতীত)। |
| **২। সমাজ কল্যাণমূলক সেবাঃ** | |
| (ক) | সরকার কর্তৃক প্রদত্ত চিকিৎসা ও স্বাস্থ্য সেবা; |
| (খ) | বেসরকারি পর্যায়ে প্রদত্ত চিকিৎসা ও স্বাস্থ্য সেবা; |
| (গ) | সরকার কর্তৃক প্রদত্ত শিক্ষা ও প্রশিক্ষণ; |
| (ঘ) | পরিবেশ দূষণরোধকারী কার্যক্রম; |
| (ঙ) | ব্যবসায়িক উদ্দেশ্যে পরিচালিত নয় এমন পুনর্বাসনমূলক কার্যক্রম; |
| (চ) | ব্যবসায়িক উদ্দেশ্যে পরিচালিত নয় এমন সামাজিক উন্নয়নমূলক কার্যক্রম; |
| (ছ) | বয়স্ক নিবাস/পুনর্বাসন কেন্দ্র ও চাইল্ড কেয়ার প্রতিষ্ঠান; |
| (জ) | সরকারের অর্থায়নে পরিচালিত গবেষণা কার্যক্রম (কনসালট্যান্সী ফার্ম ও সুপারভাইজারী ফার্ম ও জরিপ সংস্থা ব্যতীত); |
| (ঝ) | সরকারি ও বেসরকারি এতিমখানা। |
| **৩। সংস্কৃতি সংশ্লিষ্ট সেবাঃ** | |
| (ক) | রেডিও ও টেলিভিশন সম্প্রচার (ভিডিও ক্যাসেট সপ, ভিডিও গেম সপ, ভিডিও ও অডিও রেকর্ডিং সপ, বিজ্ঞাপনী সংস্থা, বিজ্ঞাপন প্রচারণা, উপগ্রহ চ্যানেলের মাধ্যমে বিজ্ঞাপন প্রচারকারী এবং টেলিভিশন ও অনলাইন সম্প্রচার মাধ্যমে অনুষ্ঠান সরবরাহকারী ব্যতীত); |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

**[ মূসক অভ্যন্তরীণ অব্যাহতি শাখা ]**

**নথি নং-** ১(৭) মূসক অভ্যন্তরীণ অব্যাহতি/২০১১/০৫ তারিখঃ ২৮-০১-২০১৬খ্রিঃ।

**বিষয়ঃ মূসক অব্যাহতি প্রদান সম্পর্কিত।**

**সূত্রঃ** (১) বাংলাদেশ স্কাউটস এর পত্র নং- বাঃস্কাঃ(হিঃ বিঃ)/১৩৩৮/২০১৬, তারিখঃ ০৩/০১/২০১৬খ্রিঃ।
(২) জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং- ০৮.০১.০০০০.০৬৮.২৫.০০১.১২, তারিখঃ ১৯/০৬/২০১৪খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রীয় পত্রসমূহের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, সূত্রে উল্লিখিত (১) নং পত্রের মাধ্যমে বাংলাদেশ স্কাউটস কর্তৃপক্ষ তাদের প্রদত্ত প্রশিক্ষণ, প্রোগ্রামসহ বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন ব্যয়ের বিপরীতে সূত্রীয় (২) নং পত্রের মাধ্যমে জারিকৃত ব্যাখ্যাপত্রের আলোকে মূসক অব্যাহতি প্রদানের জন্য জাতীয় রাজস্ব বোর্ডকে অনুরোধ জানিয়েছে। পত্রটি জাতীয় রাজস্ব বোর্ডের মূল্য সংযোজন কর অনুবিভাগ কর্তৃক পর্যালোচনা করা হয়েছে। পর্যালোচনায় দেখা যায় যে, সরকারি অর্থে সরকার কর্তৃক আয়োজিত প্রশিক্ষণের ব্যয়, যথা: নগদ অর্থে পরিশোধিতব্য প্রশিক্ষণের সম্মানি, প্রশিক্ষণার্থীদের প্রদত্ত সম্মানি বা ভাতা, টিএ/ডিএ, খাবার ভাতা ও প্রশিক্ষণ সামগ্রী ক্রয়ের জন্য নগদ প্রদত্ত অর্থ মূসকযোগ্য হবে না। তবে, উল্লিখিত কার্যক্রমসমূহ পরিচালনার জন্য যে সব পণ্য/সেবা ক্রয় করা হয় তা (প্রযোজ্য ক্ষেত্রে) উৎসে মূসক কর্তনযোগ্য হবে। অর্থাৎ প্রশিক্ষণ আয়োজনকারী সরকারি প্রতিষ্ঠান সরকারি অর্থে টেন্ডার, কোটেশন বা অন্যবিধভাবে কোন পণ্য/সেবা ক্রয় করলে- সেক্ষেত্রে উৎসে মূসক কর্তনযোগ্য হবে।

০২। বিষয়টি আপনার অবগতির জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

২৮/০১/১৬

**(মোঃ শামসুল আরেফিন খান)**
দ্বিতীয় সচিব (মূসক)
(অভ্যন্তরীণ অব্যাহতি)
ফোনঃ ৮৩১৮১২০, এক্সঃ ৪৪০
ই-মেইল: arafin28@gmail.com

**প্রাপকঃ**

প্রধান জাতীয় কমিশনার
বাংলাদেশ স্কাউটস ও সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৬০ আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক, কাকরাইল
ঢাকা-১০০০।

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ**

১। কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ১৬০/এ আইডিইবি ভবন (৪র্থ ও ৫ম তলা), কাকরাইল, ঢাকা।

D:\Masud\Letter- 2016\Khasra Letter\Bangladesh Scouts docx

০/c